# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 28-02-2025 Time: 7-35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) ভোটার তালিকায় ভুয়ো ভোটারের নাম অন্তর্ভুক্ত করা নিয়ে তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন জেলা প্রশাসনকে এ ব্যাপারে আরো সতর্ক হতে বলেছে।

আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে বিজেপি ভোটার তালিকায় কারচুপি করছে বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করলেও বিরোধী দলগুলি তা খারিজ করে দিয়েছে।

২) উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় একদিনের সফরে আজ পশ্চিমবঙ্গে আসছেন।

৩) ডায়মন্ড হারবার মেডিকেল কলেজে চিকিৎসাধীন কিশোরীর শ্লীলতাহানির ঘটনায় অভিযুক্ত আরেক সাফাই কর্মী গ্রেফতার।

৪) পশ্চিম বর্ধমানের পানাগড়ে রবিবার গভীর রাতে চন্দননগরের তরুণীর মৃত্যুর ঘটনায় ধৃত গাড়ির চালক ও মালিক – বাবলু যাদবকে আজ দুর্গাপুর আদালতে তোলা হবে।

৫) আজ জাতীয় বিজ্ঞান দিবস। এই উপলক্ষে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিশ্ব বিরল রোগ দিবসও পালিত হচ্ছে।

৬) উত্তরবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলে আজ ভোর রাতে ভূকম্পন অনুভূত হয়। তবে, ক্ষয়ক্ষতির কোন খবর নেই।

৭) আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোটিং , ওড়িশা এফ সি, র বিরুদ্ধে খেলবে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকায় ভুয়ো ভোটারের নাম অন্তর্ভুক্ত করা নিয়ে তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন জেলা প্রশাসনকে এ ব্যাপারে আরো সতর্ক হতে বলেছে। এই মর্মে কোনো অভিযোগ পেলেই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজির এই অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন গতকাল এক বৈঠকে বসে।

ভারপ্রাপ্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস , রাজ্যের সব জেলার অতিরিক্ত জেলাশাসকদের সঙ্গে ভিডিও কনফারেন্সে ঐ বৈঠকে এই নির্দেশ দেন।

একই নম্বরের একাধিক এপিক কার্ডের অভিযোগ ওঠায় কেন্দ্রীয় কমিশনের কাছেও তা জানানো হয়েছে। ওই কার্ডগুলি নিয়ে তদন্ত করবে নির্বাচন কমিশন।

আগামী ৪ঠা মার্চ সব রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন নবনিযুক্ত মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার । সেখানেও বিষয়টি নিয়ে আলোচনা হবে।

oooooooooooooooooooooo

আগেই জানানো হয়েছে, বিজেপি আগামী বছর বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ভোটার তালিকায় কারচুপি করছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে দলীয় কর্মীসভায় গতকাল তিনি বলেন, নির্বাচন কমিশনের সহযোগিতায় কোন সমীক্ষা না করেই বিজেপি তাদের এজেন্সিকে দিয়ে অনলাইনে ভোটার তালিকায় ভুয়ো ভোটার যুক্ত করছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

কারচুপি ঠেকাতে দলীয় সভাপতি সুব্রত বক্সির নেতৃত্বে রাজ্যস্তরের একটি কমিটি গঠনের কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। এছাড়া দ্রুত ভোটার তালিকা সংশোধন ও সংস্কারের কাজ শুরু করতে মুখ্যমন্ত্রী দলীয় কর্মীদের নির্দেশ দেন তিনি।

ভোটার তালিকা সংক্রান্ত কাজ করতে গিয়ে কোন সমস্যা হলে এবং কাজ কতদূর এগোল, তা নিয়ে প্রতিটি জেলা কমিটিকে নিয়মিত রিপোর্ট পাঠাতেও বলেছেন মমতা।

ভোটের আগে এখন থেকেই প্রস্তুতি নিতে বুথস্তরের কর্মীদের নির্দেশ দেন তিনি।

মুখ্যমন্ত্রীর আরও অভিযোগ বিজেপি নিজেদের স্বার্থে দলের লোককে নিযুক্ত করে নির্বাচন কমিশনকে রাজনৈতিক রং দিয়েছে। কমিশনকে তিনি শ্রদ্ধা করেন বলে জানিয়ে, তাদের নিরপেক্ষভাবে কাজ করার আর্জি জানান মমতা।

এদিকে, বিজেপি সহ বিরোধী দলগুলি মুখ্যমন্ত্রীর এই অভিযোগ খারিজ করে দিয়েছে। বিজেপি নেতা সাংসদ শমীক ভট্টাচার্য নদীয়ায় সাংবাদিকদের বলেন, এরাজ্যের ভোটার তালিকা ত্রুটি মুক্ত করতে তারা বদ্ধপরিকর। ভোটার তালিকায় বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম ঢুকিয়ে নির্বাচনে জেতা যাবে না বলে তিনি স্পষ্ট উল্লেখ করেন।

বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারও দাবি করেছেন, মুখ্যমন্ত্রী আগামী দিনে ক্ষমতাচ্যুত হওয়ার ভয় থেকে এই ধরনের মন্তব্য করেছেন। এতো দিন তৃণমূল কংগ্রেস-ই ভোটে কারচুপি ও ছাপ্পা ভোট দিয়েছে, কিন্তু এখন তারাই বিজেপি-র বিরুদ্ধে ভুয়ো ভোট করানোর অভিযোগ আনছে।

কংগ্রেস নেতা প্রাক্তন সাসংদ অধীর রঞ্জন চৌধুরী মুখ্যমন্ত্রীর ভোটার তালিকায় কারচুপির অভিযোগের প্রেক্ষিতে বলেছেন, এরাজ্যে শুধু কারচুপি নয়, ভোট লুট হয়ে থাকে।

সি পি আই এম-ও রাজ্যের ভুয়ো ভোটার নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খন্ডন করেছে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম দাবি করেন, ভোটার তালিকায় নাম তোলা, সংশোধন ও বিয়োজনের কাজ রাজ্য সরকারের অধীন। জেলা প্রশাসন এই সমস্ত কাজ করে। গত বিধানসভা নির্বাচনে এই ভুয়ো ভোটার তালিকার ভিত্তিতেই বর্তমান সরকার ক্ষমতায় এসেছে কিনা সেই প্রশ্নও তোলেন তিনি।

oooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তার বিরুদ্ধে সিবিআইয়ের চার্জশিট ,সঠিক নয় বলে দাবি করেছেন। নেতাজী ইন্ডোরে গতকাল দলীয় সভায় অভিষেক এই অভিযোগ নিয়ে বলেন, চার্জশিটে দুই জায়গায় নাম আছে। কিন্তু কোন পরিচয় উল্লেখ করা হয়নি। ইডি,সিবিআই-কে দিয়ে দলের নেতাদের হয়রান করা হচ্ছে বলেও তাঁর দাবী

(বাইট – অভিষেক)

এদিকে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী চার্জশিটে অভিষেকের নাম থাকলেও পদের উল্লেখ না থাকায় বিস্ময় প্রকাশ করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, এ এক রহস্য। এ নিয়ে তার দলের ও প্রশ্ন রয়েছে বলে অধীর বাবু মন্তব্য করেন।

(বাইট – অধীর)

oooooooooooooooooooo

উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় একদিনের সফরে আজ পশ্চিমবঙ্গে আসছেন। সফরকালে তিনি বীরভূমের তারাপীঠ মন্দির দর্শন করবেন। তারপর কলকাতার সায়েন্সসিটি অডিটোরিয়ামে গৌড়ীয় মিশনের প্রতিষ্ঠাতা আচার্য শ্রীল ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের সার্ধ শতবর্ষ উদযাপনের সমাপ্তি অনুষ্ঠানে যোগ দেবেন।

ওই অনুষ্ঠানের পরেই উপরাষ্ট্রপতি নতুন দিল্লিতে ফিরে যাবেন।

oooooooooooooooooooo

দীঘায় জগন্নাথ মন্দির উন্মোচন নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে দীঘার মন্দিরের ট্রাস্টি বোর্ডের প্রথম বৈঠক হয় গতকাল নবান্নে । পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী ২৯ এপ্রিল মহাযজ্ঞ এবং জগন্নাথ , বলরাম, সুভদ্রা মূর্তির প্রাণপ্রতিষ্ঠা করা হবে বলে বৈঠকে জানানো হয়েছে। ৩০ এপ্রিল মুখ্যমন্ত্রী জগন্নাথ ধামের উদ্বোধন করবেন।

প্রশাসনিক সূত্রের খবর, ট্রাস্টি বোর্ডে ২৭ জন থাকবেন। তার মধ্যে ২২ জনের নাম চূড়ান্ত হয়েছে।

oooooooooooooooooooooo

ডায়মন্ড হারবার মেডিক্যাল কলেজের আইসিইউতে চিকিৎসাধীন কিশোরীর শ্লীলতাহানির ঘটনায় আরও এক অভিযুক্ত হাসপাতালের সাফইকর্মী বিজু দাসকে পুলিশ গ্রেফতার করেছে । এই ঘটনায় আগে গ্রেফতার হয়েছিল আরেক সাফাই কর্মী বিনোদ পণ্ডিত।

উল্লেখ্য, গত শনিবার ডায়মন্ড হারবারের নেতড়ার বাসিন্দা ওই স্কুল ছাত্রীকে ভর্তি করা হয় হাসপাতালের আইসিইউতে। এরপর এই দুই সাফাই কর্মী দফায় দফায় তাকে শ্লীলতাহানি করে বলে অভিযোগ।

মঙ্গলবার রাতে ডায়মন্ড হারবার থানায় পৃথক লিখিত অভিযোগ দায়ের করে হাসপাতালের সুপার ও পরিবার।

ooooooooooooooooooooo

পশ্চিম বর্ধমানের পানাগড়ে রবিবার গভীর রাতে চন্দননগরের তরুণীর মৃত্যুর ঘটনায় ধৃত গাড়ির চালক ও মালিক ব্যবসায়ী – বাবলু যাদবকে আজ দুর্গাপুর আদালতে তোলা হবে। তাকে গতকাল অন্ডাল থেকে গ্রেফতার করা হয়। এরপর কাঁকসা থানায় জেরা করেন আসানসোল –

দুর্গাপুর পুলিশ কমিশনারেটের আধিকারিকরা । বাবলুর বিরুদ্ধে অনিচ্ছাকৃত খুন ও বেপরোয়া গাড়ি চালানোর অভিযোগে মামলা দায়ের করা হয়েছে।

উল্লেখ্য, চন্দননগরের বাসিন্দা সুতন্দ্রা চট্টোপাধ্যায় নামে ইভেন্ট ম্যানেজমেন্ট ওই কর্মী গাড়ি নিয়ে গয়ায় একটি কাজে যাচ্ছিলেন। রবিবার গভীর রাতে পানাগড়ের রাইস মিল মোড়ের কাছে তাঁর গাড়িটি দুর্ঘটনাগ্রস্ত হলে মৃত্যু হয় বছর ২৭-এর সুতন্দ্রার। তার পরিবারের পক্ষ থেকে ইভটিজিং-এর জেরেই দুর্ঘটনা বলে দাবি করা হলেও পুলিশ তা খারিজ করে দেয়।

আসানসোল দুর্গাপুরের পুলিশ কমিশনার সুনীল চৌধুরীর এক সাংবাদিক বৈঠকে দাবি করেন, সুতন্দ্রাদের গাড়ি অন্য একটি সাদা গাড়ির সঙ্গে রেষারেষি করতে গিয়েই দুর্ঘটনায় পড়ে।

পুলিশ সূত্রে আরও জানা গেছে, ওই সাদা গাড়িটি ব্যবসায়ী বাবলু যাদবের। তিনিই সেদিন চালকের আসনেই ছিলেন। দুর্ঘটনার পরই বাবলু এবং তার সঙ্গীরা গাড়ি রেখে পালিয়ে যায়।

এদিকে ফরেন্সিক বিভাগের ৬ সদস্যের একটি দল ঘটনার তদন্তে গতকাল কাঁকসা থানায় যায়। সেখানে রাখা দুর্ঘটনাগ্রস্ত গাড়ি দুটি পরীক্ষা ও নমুনা সংগ্রহ করেন তাঁরা। কথা বলেন থানার আধিকারিকদের সঙ্গেও।

অন্যদিকে, সুতন্দ্রার দুই সহকর্মী ও সহযাত্রী মিন্টু মন্ডল ও প্রদীপ দত্ত গতকাল দুর্গাপুর আদালতে ম্যাজিস্ট্রেটের সামনে গোপন জবানবন্দি দেন।

বিজেপি নেত্রী বিধায়ক অগ্নিমিত্রা পাল অভিযোগ করেছেন, পানাগড়ের ঘটনায় পুলিশ বিষয়টি গুলিয়ে দেওয়ার চেষ্টা করছে। রাজ্যজুড়ে নারী নির্যাতন, খুন, ধর্ষণ ও মহিলাদের নিরাপত্তা দিতে পুলিশী ব্যর্থতার প্রতিবাদে গতকাল জেলা বিজেপি দুর্গাপুর ডিসি অফিস ঘেরাও-এর সময় অগ্নিমিত্রা অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের মদতে এই রাজ্য সমাজ বিরোধীদের দখলে চলে গেছে। কোন মহিলার মৃত্যু হলেই পুলিশ তা ধামাচাপা দেওয়ার চেষ্টা করে। পানাগড়ে দুটি গাড়ির রেষারেষি সময় পুলিশের টহলদারি ভ্যান কোথায় ছিল সেই প্রশ্ন তোলেন তিনি।

(বাইট – অগ্নিমিত্রা)

oooooooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে নির্যাতিতা তরুণী চিকিৎসকের বাবা মা বলেছেন সিবিআই-এর তদন্তের ওপরে তাদের পূর্ণ আস্থা রয়েছে। দিল্লি গিয়ে গতকাল তাঁরা কেন্দ্রীয় তদন্ত ব্যুরো সিবিআই-এর অধিকর্তার সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের বলেন সিবিআই-এর অধিকর্তা তাদের ন্যায় বিচারের আশ্বাস দিয়েছেন।

oooooooooooooooooooooooooo

এদিকে, আর জি কর-এর মতো নৃশংস ঘটনার তদন্তে সি বি আই সম্পূর্ণ ব্যর্থ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন। তিনি গতকাল নেতাজী ইন্ডোরে দলীয় সভায় বলেন, ভোট এলেই কেন্দ্রীয় সংস্থাগুলি তৎপর হয়ে ওঠে। বিরোধী দলের নেতাদের নানাভাবে ভয় দেখানো হয়। তৃণমূল কংগ্রেস নেতা কর্মীদের বিভিন্ন মামলায় চার্জশিট পেশের ধুম পড়ে যায়। কিন্তু আর জি কর মামলায় এখনও কেন ন্যায় বিচার মিললো না, সেই প্রশ্নও তোলেন তিনি।

oooooooooooooooooooooooo

আজ জাতীয় বিজ্ঞান দিবস। ১৯২৮ সালের ২৮-শে ফেব্রুয়ারী বিশিষ্ট বিজ্ঞানী সি ভি রমনের পদার্থ বিদ্যায় রমন এফেক্ট আবিস্কারের স্মরণে প্রতি বছর এই দিনটি বিজ্ঞান দিবস হিসেবে পালিত হয়ে থাকে।

এই আবিষ্কারের জন্যে ১৯৩০ সালে নোবেল পুরস্কার লাভ করেন সি ভি রমন।

এবারের বিজ্ঞান দিবসের থিম বিজ্ঞান ও উদ্ভাবনের বিশ্বব্যাপী নেতৃত্বে ভারতীয় যুব সমাজের ক্ষমতায়ন এবং বিকশিত ভারতের বিস্তার। এই উপলক্ষে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

কলকাতায় বিড়লা কারিগরি ও শিল্প সংগ্রহশালা বি আই টি এমে সারাদিনব্যাপী অনুষ্ঠানের অঙ্গ হিসেবে প্রশ্নোত্তর ও প্রবন্ধ প্রতিযোগিতা, পরিবেশে প্রজাপতির ভূমিকা ও আদিবাসী সমাজে প্রচলিত ব্যবহারিক বিজ্ঞানের ঐতিহ্য নিয়ে বিশেষ আলোচনা, রয়েছে দিন ও রাতের আকাশ পর্যবেক্ষণ। ।

আলোচনায় অংশ নেবেন Seacom Skills বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রফেসর সুপর্ণা সান্যাল মুখার্জি ও কানাডা প্রবাসী বিজ্ঞানী ডঃ সৈকত বসু।

বিজ্ঞান দিবস উদযাপনের তাৎপর্য ব্যাখ্যা করে ডক্টর বসু আমাদের প্রতিনিধিকে বলেন, ভারতীয় যুবাদের মধ্যে বিজ্ঞানের বিকাশ ও বিশ্বে তাদের কর্মক্ষেত্রকে আরো প্রসারিত করতে ভারত সরকার বিশেষ উদ্যোগ নিয়েছে, সেই সঙ্গে আদিবাসী সমাজে প্রচলিত বিজ্ঞান ধারাকেও জনসমক্ষে তুলে আনার কাজ শুরু হয়েছে।

(বাইট সৈকত বসু)

জাতীয় বিজ্ঞান দিবস উপলক্ষে ইন্ডিয়ান সায়েন্স নিউজ অ্যাসোসিয়েশন ও ন্যাশনাল এনভায়রনমেন্ট সায়েন্স

একাডেমী যৌথভাবে বিকেলে কলকাতা বিশ্ববিদ্যালয়ের রাজাবাজার ক্যাম্পাসে আলোচনা সভার আয়োজন করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব বিরল রোগ দিবস। বিরল রোগ সম্পর্কে সচেতনতার প্রসার এবং এই ধরনের রোগ চিহ্নিত করে আক্রান্তকে চিকিৎসার আওতায় আনার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিনটি পালিত হয় ।

এর অঙ্গ হিসেবে নানা সচেতনতামূলক অনুষ্ঠান ও , আলোচনাসভার আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ নাট্যাচার্য গিরিশচন্দ্র ঘোষের ১৮১ তম জন্মবার্ষিকী উদযাপিত হবে। বাংলার নাট্য জগতে শ্রীরামকৃষ্ণ দেবের আশীর্বাদ ধন্য গিরিশ ঘোষের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। আজীবন নাট্যচর্চা ও নাট্য সাধনায় নিজেকে যুক্ত রেখেছিলেন তিনি । স্বর্ণযুগের সূচনা করেছিলেন বাংলা নাট্য জগতে। ১৮৭২ সালে গিরিশচন্দ্র ঘোষের উদ্যোগেই প্রথম বাংলা পেশাদার নাট্য কোম্পানি তৈরি হয়। ।

এই উপলক্ষে আগামীকাল কলকাতা পুর সভার উদ্যোগে উত্তর কলকাতার বাগবাজারে গিরিশ ঘোষের বাড়ি গিরিশ ভবনে এক অনুষ্ঠানে তার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের বিস্তীর্ণ অঞ্চল এবং অসম,সিকিম, বিহার ও প্রতিবেশী দেশ নেপালে আজ ভোর রাতে ভূকম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে এর তীব্রতা ছিল ৫ দশমিক পাঁচ। ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল নেপালে। প্রাথমিকভাবে ক্ষয়ক্ষতির কোন খবর নেই।

তবে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি, শিলিগুড়ি, ও পার্শ্ববর্তী এলাকার মানুষজন আতঙ্কে ঘর ছেড়ে বেরিয়ে আসেন। বিস্তারিত খবর এখনও পাওয়া যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোটিং , ওড়িশা এফ সি, র বিরূদ্ধে খেলবে। ওড়িশার কলিঙ্গ স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। মহামেডান স্পোর্টিং ২১ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সর্ব শেষ ১৩ নম্বর স্থানে আছে। সপ্তম স্থানে থাকা ওড়িশার ২২ ম্যাচে সংগৃহীত পয়েন্ট ২৯ ।